# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 13-07-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, রোজগার মেলা যুব সমাজের ক্ষমতায়ন এবং বিকশিত ভারত গঠনে সরকারের সংকল্পের প্রতিফলন।
# দলীয় কর্মসূচীতে যোগ দিতে এমাসের ১৮ তারিখ রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী।

২) বাংলাদেশী সন্দেহে ভিন রাজ্যে আটক পশ্চিমবঙ্গের শ্রমিকদের সম্পর্কে রাজ্য সরকার তথ্য সংগ্রহ শুরু করেছে।

৪) পূর্ব মেদিনীপুরের খেজুরির ভাঙনমারি গ্রামে দলীয় কর্মীর দেহ উদ্ধারের ঘটনায় বিজেপি আগামীকাল খেজুরি বন্ধের ডাক দিয়েছে।

৫) আই আই এম জোকায় যৌন নির্যাতনের অভিযোগ উঠায় প্রতিষ্ঠানটির অধিকর্তার কাছে রিপোর্ট চেয়েছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক।

৬) চাকরি ফেরানো সহ এক গুচ্ছ দাবিতে আগামীকাল নবান্ন অভিযান করবেন চাকরি হারা শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীরা।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারের রোজগার মেলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ৫১ হাজারেরও বেশি চাকরি প্রাপকের হাতে নিয়োগপত্র তুলে দিয়েছেন। সারা দেশের সঙ্গে এরাজ্যেও তিনটি স্থানে আয়োজন করা হয় রোজগার মেলার। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, সরকার যুব সম্প্রদায়ের ক্ষমতায়ন এবং তাদের সাহায্যে বিকশিত ভারত গঠনের লক্ষে সংকল্পবদ্ধ।

(বাইট – প্রধানমন্ত্রী যুব)

এরাজ্যের শিয়ালদায় বি সি রায় অডিটোরিয়ামে ২১৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার ২৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেন।

খড়গপুরে দক্ষিণ পূর্ব রেলের সুপারইভাইজার ট্রেনিং সেন্টারে রোজগার মেলায় ১৫৫ জনের হাতে নিয়োগপত্র তুলে দেন খড়গপুরের বিধায়ক হিরণ চট্টোপাধায়।

শিলিগুড়ির কাশ্মীর কলোনীর রেল অডিটোরিয়ামে কেন্দ্রীয় সড়ক ও পরিবহন দপ্তরের প্রতিমন্ত্রী অজয় টামটা, ৭৯ জনের হাতে চাকরীর নিয়োগপত্র তুলে দেন। অন্য এক প্রসঙ্গে মন্ত্রী বলেন, সড়ক উন্নয়নের জন্য রাজ্য সরকার জমি দিলে, কাজ ত্বরান্বিত হবে।

( বাইট- অজয় টামটা )

এদিকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ জয়ন্ত রায়, বিধায়ক শঙ্কর ঘোষ প্রমুখ।

oooooooooooooooooooooooo

বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় কর্মসূচিতে অংশ নিতে ১৮’ই জুলাই শুক্রবার, এ’রাজ্যে আসছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, বিহারের মোতিহারী থেকে দুপুরে

প্রধানমন্ত্রী অন্ডাল বিমানবন্দরে এসে পৌঁছাবেন। সেখান থেকে দুর্গাপুরে নেহেরু স্টেডিয়ামে গিয়ে জনসভায় অংশ নেবেন।

oooooooooooooooooooooooo

বাংলাদেশী সন্দেহে ভিন রাজ্যে আটক পশ্চিমবঙ্গের শ্রমিকদের সম্বন্ধে তথ্য সংগ্রহ শুরু করেছে রাজ্য সরকার। রাজ্যের কোনো পরিযায়ী শ্রমিককে আটক করা হয়েছে এইরকম খবর পেলে, তার সত্যতা যাচাই-এর জন্য প্রথমে সংশ্লিষ্ট রাজ্যের জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। নবান্ন সূত্রে জানা গেছে, রাজ্যের পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদ, কর্মসাথী পোর্টাল, স্থানীয় জনপ্রতিনিধি ও শ্রমিকের পরিবারের সদস্যদের কাছ থেকেও তথ্য সংগ্রহ করা হচ্ছে। তাঁদের জন্মের শংসাপত্র, জমির দলিল, বাবা-মা র ভোটার কার্ড সংগ্রহ করে সংশ্লিষ্ট রাজ্যের জেলা প্রশাসনের কাছেও সেই তথ্য পাঠানো হচ্ছে।

এদিকে, গত ৭ই জুলাই ওড়িশার ঝাড়সুগুড়ায় আটক ৪০৩ জন বাংলাভাষী পরিযায়ী শ্রমিককে ছেড়ে দেওয়া হয়েছে বলে পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিক কল্যান পর্ষদের চেয়ারম্যান সামিরুল ইসলাম জানিয়েছেন।

বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের ওপর নির্যাতন ও হেনস্থার অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস গতকাল কোলকাতায় বিক্ষোভ কর্মসূচি পালন করে।

oooooooooooooooooooooooo

গ্রামাঞ্চলে পরিষেবার মান যাচাই করতে চলতি মাস থেকেই রাজ্যের গ্রাম পঞ্চেয়েতগুলির বার্ষিক মূল্যায়ন শুরু হচ্ছে। এ বছর মূল্যায়নের ক্ষেত্রে আগের ১৭টি শর্তের সঙ্গে আরও ১০টি নতুন শর্তাবলি যুক্ত করা হয়েছে। যার মধ্যে সবচেয়ে তাৎপর্যপূর্ণ দুটি হল – নিজস্ব আয়ের অন্তত ৫০ শতাংশ জনস্বার্থে ব্যয় এবং আগের বছরের তুলনায় অন্তত ১০ শতাংশ আয় বৃদ্ধির লক্ষ্যমাত্রা। নতুন নির্দেশিকায় পঞ্চায়েতগুলিকে কড়া ভাবে জানিয়ে দেওয়া হয়েছে, যদি উন্নয়ন ও জনস্বার্থে ব্যয় না

করা হয়, তবে পারফরম্যান্স গ্রান্ট-সহ অন্যান্য সরকারি অনুদান বন্ধ করে দেওয়া হবে। পদক্ষেপ পঞ্চায়েতগুলিকে আরও দায়িত্বশীল করবে এবং বিকেন্দ্রীকৃত উন্নয়নের গতি বাড়াবে বলে মনে করা হচ্ছে।পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, মানুষের কাছে পরিষেবা পৌঁছে দেওয়াই সরকারের প্রধান লক্ষ্য। কেন্দ্রীয় সরকার একাধিক প্রকল্পের অর্থ বন্ধ করে দেওয়ায় রাজ্য সরকার নিজস্ব উদ্যোগেই উন্নয়নের কাজ চালিয়ে যাচ্ছে। এই পরিস্থিতিতে পঞ্চায়েতগুলির নিজস্ব আয় যদি জনস্বার্থে খরচ হয়, তাহলে সরাসরি তার সুফল পাবে সাধারণ মানুষ।

oooooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের খেজুরির ভাঙনমারি গ্রামে দুই দলীয় কর্মীর দেহ উদ্ধারের ঘটনায় আগামীকাল সোমবার খেজুরি বনধের ডাক দিয়েছে বিজেপি । বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে ঐ দিন জনকা থেকে বিদ্যাপীঠ মোড় পর্যন্ত প্রতিবাদ মিছিল হবে। বিরোধী দলনেতা গতকাল খেজুরিতে নিহত দুই বিজেপি কর্মীর পরিবারের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এই ঘটনাকে পরিকল্পিতভাবে হিন্দু হত্যা বলে দাবি করেন। পাশাপাশি কেন্দ্রীয় সরকারের কোন হাসপাতালের চিকিৎসকের উপস্থিতিতে ময়নাতদন্ত করানোর দাবি তোলেন তিনি। শ্রী অধিকারী জানান, এই ঘটনার প্রতিবাদে আজ কন্যা সুরক্ষা যাত্রার পাশাপাশি হিন্দু সুরক্ষা যাত্রাও করা হবে।

(বাইট – শুভেন্দু)

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেন, নির্বাচন যত এগিয়ে আসছে তৃণমূল কংগ্রেসের আগ্রাসন তত বৃদ্ধি পাচ্ছে। নানাভাবে অত্যাচার চললেও বিজেপি জনসাধারণকে সঙ্গে নিয়ে ক্ষমতা থেকে সরিয়ে দেবে।

উল্লেখ্য, গত শুক্রবার এক ধর্মীয় অনুষ্ঠানের পর সকালে ওই এলাকার কাছেই দুই যুবকের দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়ায়। মৃতদের নাম সুধীর পাইক ও সুজিত দাস।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের রাজ্যপালের জনকল্যাণ তহবিলে প্রদান করা অনুদান আয়কর আইনের ৮০জি ধারার অধীনে কর ছাড়ের যোগ্যতা লাভ করেছে। ব্যক্তি ও প্রতিষ্ঠান— দু'পক্ষই এই কর ছাড়ের সুবিধা নিতে পারবেন। এই তহবিলে আর্থিক অনুদান দিয়ে সমাজকল্যাণে অংশ নেওয়ার জন্য রাজভবনের তরফে সকলকে আহ্বান জানানো হয়েছে। এই তহবিলে জমা পড়া অর্থ সমাজের পিছিয়ে পড়া অংশের সহায়তার জন্য ব্যবহৃত হবে বলেও জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক আইআইএম জোকায় তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগ ওঠায় ওই প্রতিষ্ঠানের অধিকর্তার কাছে রিপোর্ট চেয়েছেন। শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার গতকাল বলেছেন, আইন শৃঙ্খলা রাজ্যের বিষয়। তাই পুলিশকে উপযুক্ত ব্যবস্থা নিতে বলা হয়েছে।

(বাইট-সুকান্ত)

ঘটনার প্রতিবাদে প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জির নেতৃত্বে বেশ কয়েকজন কংগ্রেস কর্মী-সমর্থক IIM জোকার সামনে বিক্ষোভ দেখায়। পুলিশ তাদের গ্রেফতার করে লালবাজারে নিয়ে যায়। কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেছেন, ধর্ষন-খুনের মতো ঘটনা এখন এরাজ্যের নৈমিত্তিক বিষয় হয়ে দাঁড়িয়েছে।

(বাইট-অধীর)

আগেই জানানো হয়েছে যে, IIM–জোকা -তে তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগে ধৃত মূল অভিযুক্ত পরমানন্দ তোপওয়াকার এর ১৯শে জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। গতকাল তাকে আলিপুর আদালতে তোলা হয়। শুক্রবার সন্ধ্যায় পেশায় মনোবিদ ওই তরুণীকে কাউন্সেলিং-এর নাম করে কলেজ ক্যাম্পাসের বয়েজ হোস্টেলে ডেকে পাঠানো হয়। পরে মাদক মিশ্রিত পানীয় খাইয়ে অচৈতন্য করে তার ওপর নির্যাতন চালানো হয় বলে অভিযোগ।

oooooooooooooooooooooooo

চাকরি ফেরানো সহ একগুচ্ছ দাবিতে আগামীকাল নবান্ন অভিযানের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা। তাঁদের একাধিক সংগঠন এই কর্মসূচিতে শামিল

হবে বলে জানিয়েছে। আইনি পথে যোগ্যদের চাকরি ফেরানো, ২২ লাখ ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশ, অযোগ্যদের বরখাস্তের দাবিতে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে বলে সংগঠনগুলি জানিয়েছে। হাওড়া স্টেশন ও হাওড়া ময়দান থেকে মিছিল করে নবান্নের দিকে যাওয়ার কথা তাঁদের। এই কর্মসূচির জন্য ইতিমধ্যেই কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে ও বিভিন্ন রাস্তায় ব্যারিকেড বসাচ্ছে পুলিশ।

এছাড়াও ২১, ২২ ও ২৩ শে জুলাই দিল্লিতে আন্দোলনের ডাক দিয়েছে এই সংগঠন। দিল্লির যন্তর মন্তরে ধরনা কর্মসূচি ছাড়াও পোস্টার, লিফলেটের মাধ্যমে নিজেদের অবস্থার কথা তুলে ধরবেন চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকারা।

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চালতাবেড়িয়ায় নিহত তৃণমূল কংগ্রেস নেতা রজ্জাক খাঁ-র স্ত্রীকে চাকরি দেওয়ার ঘোষণা করা হয়েছে। গতকাল ক্যানিং পূর্বের তৃণমূল কংগ্রেস বিধায়ক শওকত মোল্লা নিহতের বাড়িতে যান। সেখানেই চাকরির কথা ঘোষণা করেন তিনি। পাশাপাশি এলাকায় তল্লাশি চালিয়ে সমস্ত অবৈধ হাতিয়ার বাজেয়াপ্ত করার দাবি জানিয়েছেন শওকত।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার রাতে দলীয় বৈঠক সেরে বাড়ি ফেরার পথে তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি রজ্জাক খাঁ-কে গুলি করে ও কুপিয়ে খুন করা হয়।

oooooooooooooooooooooooo

মৌসুমি অক্ষরেখা সক্রিয় থাকায় রাজ্যের সব জেলাতেই আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে কোথাও কোথাও স্থানীয় ভাবে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট- সোমনাথ )

oooooooooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে কল্যাণী স্টেডিয়ামে আজ মহামেডানের মুখোমুখি হচ্ছে রেনবো এসি ক্লাব। আজ দুপুর ৩টায় শুরু হবে ম্যাচ। তিন ম্যাচে এক পয়েন্ট নিয়ে আজ রেনবোর বিরুদ্ধে মাঠে নামছে কোচ মেহরাজউদ্দিনের দল। অন্যদিকে ৪ ম্যাচে ৫ পয়েন্ট নিয়ে কিছুটা এগিয়ে থেকে শুরু করবে রেনবো।

কল্যাণী স্টেডিয়ামে গতকাল কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে ইস্ট বেঙ্গল ও ক্যালকাটা কাস্টমসের মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo